# Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 28 April, 2025

জমি সংক্রান্ত বিষয়কে কেন্দ্র করে নারায়ণগঞ্জের সোনারগাঁয়ে পিরোজপুর ইউনিয়নের আষাঢ়িয়াচর এলাকায় নিজের বাবাকে পিটিয়ে মারাত্মক জখম করার অভিযোগ উঠেছে আপন ছেলে-মেয়েদের বিরুদ্ধে।

রবিবার (২৭ এপ্রিল) দুপুরে প্রকাশ্যে বাড়ির সামনে রাস্তায় ফেলে আষাঢ়িয়াচর গ্রামের ৭০ বছর বয়সী বৃদ্ধ আব্দুর রহিমকে লাথি মেরে মাটিতে ফেলে পিটিয়ে মারাত্মকভাবে রক্তাক্ত করে তারই ছেলে জহিরুল ইসলাম, সাইফুল ইসলাম ও মেয়ে হালিমা আক্তার।

আহত আব্দুর রহিমের ডাক-চিৎকারে এলাকাবাসী এগিয়ে আসার পরেও মারধর করতে থাকে। এক পর্যায়ে এলাকাবাসী ক্ষিপ্ত হলে তারা ক্ষান্ত হয়। পরে গুরুতর আহত অবস্থায় তাকে সোনারগাঁ স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে ভর্তি করা হয় বলে জানান একাধিক প্রত্যক্ষদর্শী।

সোনারগাঁ থানার অফিসার ইনচার্জ (ওসি) মফিজুর রহমান বলেন, জমি সংক্রান্ত বিষয়ে সন্তানদের বিরুদ্ধে আপন বাবাকে পিটিয়ে আহত করার ঘটনা শুনেছি।এ বিষয়ে এখনো কোন অভিযোগ পাইনি।লিখিত অভিযোগ পেলে অবশ্যই আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

জমি বাবা নারায়ণগঞ্জ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 19:22

URL: https://timestodaybd.com/across-the-country/7758071555